# বেসিক ব্যাংক পিএলসি.

**সমৃদ্ধির পথে মানুষের সাথে**

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

**গুলশান শাখা, ঢাকা।**

(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারা মোতাবেক সার্টিফিকেট বলে অর্জিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে)

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **"আলফা ফ্যাশন প্রাঃ লিঃ"** প্রতিনিধিত্বে কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালকঃ **জনাব ইঞ্জিনিয়ার এম. সাইফুদ্দিন**, পিতাঃ ইঞ্জিনিয়ার সৈয়দ আহম্মেদ, ব্যবসায়িক ঠিকানাঃ বাড়ী নং- ২২৬(৩য় তলা), লেন নং- ৩, বারিধারা ডিওএইচএস, থানা- গুলশান, জেলা- ঢাকা। **বেসিক ব্যাংক পিএলসি., গুলশান শাখা**, ঢাকা-এর নিকট হইতে বিভিন্ন সময়ে Term Loan, BB L/C & Demand Loan গ্রহণ করিয়াছিলেন। উক্ত ঋণের বিপরীতে ঋণ গ্রহীতা নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন। বারবার তলব তাগাদা স্বত্তেও পাওনা আদায় না হওয়ায় ঋণ গ্রহীতা-কোম্পানী, পরিচালক, স্থাবর সম্পত্তির বন্ধকদাতা ও জিম্মাদারগণের বিরুদ্ধে ডিক্রিদার-ব্যাংক অর্থঋণ মোকদ্দমা দায়ের করিয়া উক্ত মোকদ্দমায় রায় ও ডিক্রি প্রাপ্ত হইয়া অর্থজারী মোকদ্দমা দায়ের করিয়া অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারার বিধান মোতাবেক দায়িক পক্ষের স্বত্ব দখলীয় নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি দখল ও ভোগের অধিকার সহ বিক্রয় করিবার অধিকার লাভ করিয়াছেন এবং বিজ্ঞ অর্থঋণ আদালত নং-৩, ঢাকা ডিক্রিদার-ব্যাংকের বরাবরে একখানা সার্টিফিকেট ইস্যু করিয়াছেন। ফলে ডিক্রিদার- ব্যাংক কর্তৃক পাওনা ডিক্রি জারীকৃত টাকা এবং নিলাম কাল পর্যন্ত সুদ ও আনুষঙ্গিক খরচ আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিল সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাইতেছে। **আগামী ০২/০২/২০২৬ ইং** তারিখ বেলা ১২.০০ (বার) ঘটিকার মধ্যে **বেসিক ব্যাংক পিএলসি., গুলশান শাখা**, ঢাকায় রক্ষিত বাক্সে সরাসরি কিংবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে।

**- শর্তসমূহ -**

১. প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় (প্রত্যেকটি তফসিলের জন্য একই দরপত্রে পৃথক ভাবে দরমূল্য লিখিতে হইবে।) লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে **"সম্পত্তি ক্রয়ের দরপত্র"** লিখিয়া দাখিল করিতে হইবে।

২. দরপত্র অপরাহ্ন ১২.০০ ঘটিকার মধ্যে ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ২.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাঁইতে হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে **বেসিক ব্যাংক পিএলসি.** এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৪. অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমূদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৬. উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৭. সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বসাশিত প্রতিষ্ঠানের যথা:- পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমি কর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৮. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।

**তফসিল-খ**

জিলা- ঢাকা, থানা- ধানমন্ডি বর্তমানে হাজারীবাগ, **"মৌজা- শিবপুর"** স্থিত জে.এল নংঃ ২৫৪, সি.এস খতিয়ান নং- ১৯৮, এস.এ খতিয়ান নং- ১০৭, ১০৭/৩, মিউটেশন খতিয়ান নং- ১০৮/1, সি.এস দাগ নং- ১০৯ এবং এস.এ দাগ নং- ১৪৮, জমির পরিমাণ- ০৬৪৯ (ছয়শত উনপঞ্চাশ) অযুতাংশ। যাহার সিটি কর্পোরেশন হোল্ডিং নং- ২২৬, সুলতানগঞ্জ, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৯।

**উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান**

গুলশান শাখা, ৩৩ সাউথ কমার্শিয়াল এলাকা, গুলশান সার্কেল-১, ঢাকা-১২১২

ফোন নং ঃ ০১৭৩০০৮৪০৮০

দৈনিক আমাদের সময়

প্রকাশ তারিখ- ০৭/০১/২০২৬